



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

[www.barishalboard.gov.bd](http://www.barishalboard.gov.bd)



## জরুরি বিজ্ঞপ্তি

স্মারক নং-বশিবো/বিঅ/২০২২/৪৪৭৯

তারিখঃ ২০ জানুয়ারি ১৪২৮  
১৩ জানুয়ারি ২০২২

বিষয়ঃ নিম্ন-মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি গঠন ও নির্বাচন প্রসঙ্গে।

সূত্রঃ অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সাথে কলেজ শাখা ও বিদ্যালয় শাখার ২২/০২/২০২২ তারিখের সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে অত্র বোর্ডের আওতাধীন নিম্ন-মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ, সংশ্লিষ্ট সকল প্রিজাইডিং অফিসার এবং রিটার্নিং অফিসারগণকে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ মহামারীর কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান গত ২২/০১/২০২২ তারিখ থেকে বন্ধ ঘোষণা করায় অত্র বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি গঠনের কার্যক্রম যে অবস্থায় আছে সে অবস্থায়ই স্থগিত রাখার জন্য নির্দেশ দেয়া হয়েছিল। বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান সমূহ খুলে দেয়ার কারণে প্রতিষ্ঠানসমূহের পরিচালনা কমিটি গঠনের কার্যক্রম পূর্বের যে অবস্থায় স্থগিত রাখা হয়েছিল, ঐ অবস্থা থেকেই শুরু করার জন্য অনুরোধ করা হলো।

তবে উল্লেখ থাকে যে, যে সকল প্রতিষ্ঠান অদ্যাবধি কোন ধরনের কার্যক্রম গ্রহণ করতে পারেনি এবং একইসাথে খসড়া ভোটার তালিকা শুরু করার জন্য ন্যূনতম ৮০ (আশি) দিন সময় হাতে নেই, তাদেরকে বিধি মোতাবেক এডহক কমিটি গঠনের পরামর্শ দেয়া হলো।

Intermediate & Secondary Education Board 1961 (E.P. Ord. No XXXIII of 1961) এর Section II এর ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো।

সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/রিটার্নিং  
অফিসার/ প্রিজাইডিং অফিসার।

প্রফেসর মোহাম্মদ ইউনুস (৬৯৪৭) ২৬.০২.২২

চেয়ারম্যান  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড,  
বরিশাল।

মোবাইল নম্বর-০১৭১২-৫৫৮৬৪৪

মেইল : [barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)

সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল উপজেলা।
৫. জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল জেলা।
৬. অফিস কপি।